

## সংকটের মুখে বিশ্বখ্যাত ল্যুভর মিউজিয়াম

- A Monitor Desk Report

Date: 26 January, 2025



**প্যারিস : ফ্রান্সের ল্যুভর মিউজিয়াম বিশ্বের সর্বাধিক পরিদর্শন হওয়া জাদুঘর। এখানে সংরক্ষিত আছে লিওনার্দো দা ভিঞ্চির বিখ্যাত মোনালিসাসহ অসংখ্য অমূল্য শিল্পকর্ম।**

তবে বর্তমানে চরম সংকটের মধ্যে আছে ল্যুভরের কয়েকশ বছরের পুরনো ভবনটি। ভবনের দেয়াল ও ছাদ টুইয়ে পানি পড়া ও তাপমাত্রার অস্বাভাবিক ওঠানামার কারণে বর্তমানে জরাজীর্ণ অবস্থায় আছে সেটি। এ কারণে ভবনটিতে সংরক্ষিত শিল্পকর্মগুলোও ঝুঁকির মুখে পড়েছে। এরই মধ্যে এটি সংস্কারে সরকারের কাছে জরুরি সাহায্যের আবেদন জানিয়েছে জাদুঘর কর্তৃপক্ষ।

১২ শতকে নির্মিত ল্যুভর প্যালেস এক সময় ছিল ফ্রান্সের রাজাদের বাসভবন। পরে ১৭৯৩ সালে এটি মিউজিয়ামে রূপান্তরিত হয়। প্রতি বছর ৪০ লাখ দর্শনার্থীর কথা মাথায় রেখে এর নকশা করা হয়েছিল। কিন্তু ২০১৮ সালে সাম্প্রতিক সময়ের মধ্যে সর্বোচ্চ ১ কোটি ২ লাখ দর্শনার্থী মিউজিয়ামটি পরিদর্শন করে।

অতিরিক্ত ভিড এড়াতে মিউজিয়াম প্রেসিডেন্ট দেস কার্স প্রতিদিন ৩০ হাজার দর্শনার্থীর সংখ্যা নির্ধারণ করেছেন। তবে অপ্রতুল স্যানিটারি এবং খাদ্য সুবিধা ও নির্দেশনার ঘাটতিসহ পর্যাপ্ত বিশ্রামের স্থানের অভাবের কারণে দর্শনার্থীরা প্রায়ই সমস্যায় পড়েন।

ধারণা করা হচ্ছে, সংস্কার প্রকল্পের ব্যয় প্রায় ৫০ কোটি ইউরো হতে পারে। এটি ফরাসি সরকারের জন্য বড় চ্যালেঞ্জ, কারণ বাজেট অনুমোদনে তারা এরই মধ্যে সমস্যায় পড়েছে। সংস্কারের পাশাপাশি মোনালিসার জন্য নতুন উইং ও পূর্ব প্রান্তে একটি নতুন প্রবেশদ্বার নির্মাণের পরিকল্পনাও রয়েছে। ল্যুভর মিউজিয়ামের ভবিষ্যৎ রক্ষায় এ উদ্যোগগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

